সংবাদ

তারিখ ...

পৃষ্ঠা ৭ কলাম ৪

# শিক্ষকদের ক্লাস বর্জন শুরু

নিজস্ব বার্তা পরিবেশক

গতকাল থেকে দেশের ২৭০টি সরকারি কলেজ, আলিয়া মদ্রাসা ও টিচার্স ট্রেনিং কলেজের ১২ হাজার শিক্ষক ৬ দিনের ক্লাস বর্জন কর্মসূচি শুরু করেছেন। ক্লাস বর্জনের প্রথম দিন কলেজ, আলিয়া মদ্রাসা ও টিচার্স ট্রেনিং কলেজগুলোতে ছাত্রছাত্রী ও শিক্ষকদের উপস্থিতি থাকলেও কোন ক্লাস হয়নি। তবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্স পরীক্ষা সময়মতো অনুষ্ঠিত হয়েছে।

বিসিএস সাধারণ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ আত্তীকরণ বিধিমালা-২০০০ পরিবর্তন না করা ও প্রমার্জন প্রক্রিয়া বন্ধ করাসহ বিভিন্ন দাবিতে এ ক্লাস বর্জন কর্মসূচি শুরু করেছে। চলবে আগামী ৭ সেপ্টেম্বর পর্যন্ত।

শিক্ষক ধর্মঘটের কারণে গতকাল কোন ক্লাস না হওয়ায় বিভিন্ন কলেজে ছাত্রছাত্রীরা অলস সময় কাটিয়েছে। ছাত্রছাত্রীদের অনেককেই ক্লাস : পৃষ্ঠা : ১১ ক : ৮

## ক্লাস : বর্জন

(১ম পৃষ্ঠার পর)

কলেজ ক্যাম্পাস ও ক্যান্টিনে আড্ডা দিতে দেখা গেছে। ইডেন মহিলা কলেজ, ঢাকা কলেজ, গার্হস্থ্য অর্থনীতি কলেজ ঘুরে এই চিত্র দেখা গেছে। তবে এসব কলেজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্স পরীক্ষা সময়মতোই হয়েছে।

এদিকে আত্তীকরণের মাধ্যমে যেসব কলেজ সরকারিকরণ করা হয়েছে সেসব কলেজ খোলা ছিল বলে জানা গেছে। জানা যায়, দেশের ২৭০টি সরকারি কলেজ, আলিয়া মদ্রাসা ও টিচার্স ট্রেনিং কলেজের মধ্যে ১৫০টি কলেজ বিভিন্ন সময় আত্তীকরণের মাধ্যমে সরকারি করা হয়েছে। এসব কলেজের শিক্ষকদের প্রথমে এডহক ভিত্তিতে নিয়োগ দেয়া হয়। পরে পিএসসি যেদিন থেকে তাদের নিয়মিত করে সেদিন থেকেই এসব শিক্ষকরা ক্যাডারভুক্ত শিক্ষকদের সমমর্যাদা পান; কিন্তু ক্যাডারভুক্ত শিক্ষকরা এসব শিক্ষকদের তাদের সমমর্যাদা দিতে রাজি নন। তাই বিসিএস ক্যাডাররা আত্তীকরণবিধি ২০০০ পরিবর্তনে বিরোধিতা করছেন। বর্তমানে আত্তীকরণ কলেজগুলোর শিক্ষক সংখ্যা ২ হাজার থেকে ২ হাজার ৫০০ জন। এসব শিক্ষকের সংখ্যা যে কলেজে বেশি সেসব কলেজ বিসিএস শিক্ষকদের ডাকা ধর্মঘট উপেক্ষা করে কলেজ খোলা রেখেছিল। তবে বিসিএস ক্যাডারভুক্ত যেসব শিক্ষক এ রকম কলেজে শিক্ষকতা করছেন তাদের অনেকেই ক্লাস বর্জন কর্মসূচি পালন করেছেন বলে দাবি করেছে বিসিএস সাধারণ শিক্ষক সমিতির পক্ষ থেকে। তবে যাদের পরীক্ষার হলে ডিউটি আছে তারা হলে ডিউটি করেছেন।

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সহ-সভাপতি ফাহমিদা খাতুন দাবি করেছেন, ঢাকা শহরসহ দেশের কোন কলেজেই ক্লাস হয়নি। সমিতির সভাপতি ইফতেখার আহমেদ খান 'সংবাদ'কে বলেন, গতকাল থেকে ৭ সেপ্টেম্বর পর্যন্ত ৬ দিন সরকারি কলেজ, আলিয়া মদ্রাসা ও টিচার্স ট্রেনিং কলেজের ক্লাস বর্জন চলবে। এছাড়া পরীক্ষা প্রমার্জনের সিদ্ধান্ত জারি হলে সংবাদ সম্মেলনের মাধ্যমে অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন কর্মসূচি ঘোষণা করা হবে বলেও তিনি বলেন।

বিসিএস সাধারণ শিক্ষক সমিতির সভাপতি আরও বলেন, সরকার রাজনৈতিক কারণে যত্রতত্র বেসরকারি কলেজ সরকারি করে ক্যাডারভুক্ত শিক্ষকদের মর্যাদা ক্ষুণ্ন করেছে। এখন তাদের প্রমোশন দিয়ে ক্যাডারভুক্ত শিক্ষকরা জ্যেষ্ঠতা হারাবেন। তিনি বলেন, ...ব কলেজের কিছুসংখ্যক কলেজ খোলা ...; কিন্তু বাকি সব কলেজ, আলিয়া ...